# চট্টগ্রাম বোর্ড-২০১৬

## অর্থনীতি-প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ০ | ৯ |

সময়-২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ সাবা সদ্য একটি আর্থিক প্রতিষ্ঠানে চাকুরি পান যা দেশের সকল আর্থিক প্রতিষ্ঠানগুলোকে নিয়ন্ত্রণ ও সরকারের পরামর্শদাতা হিসেবে কাজ করে। সাবার বন্ধু নিশাও অন্য একটি আর্থিক প্রতিষ্ঠানে চাকুরি করেন যারা জনগণের অর্থ আমানত রাখে ও স্বল্পমেয়াদি ঋণ প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে।


ক. আরভিং ফিশারের সম্প্রসারণকৃত সমীকরণটি কী? ১

খ. মোবাইল ব্যাংক কীভাবে ব্যাংকিং কার্যক্রমকে সহজ করেছে? ২

গ. উদ্দীপকের আলোকে সাবার প্রতিষ্ঠানের প্রধান তিনটি কার্যাবলি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সাবা ও নিশার প্রতিষ্ঠানের মধ্যে কি কোন পার্থক্য পরিলক্ষিত হয়? তোমার মতামত দাও। ৪

২. ▶




ক. মোট খাজনার সূত্রটি লেখ। ১

খ. অবস্থানগত পার্থক্যের কারণে কেন খাজনা দেয়া হয়? ২

গ. উদ্দীপকটি কোন খাজনা তত্ত্ব ব্যাখ্যা করে? বর্ণনা কর। ৩

ঘ. রিকার্ডোর খাজনা তত্ত্বটি এবং উদ্দীপকের তত্ত্বটি কি একই? বিশ্লেষণ কর। ৪

৩. ▶

| উৎপাদনের পরিমাণ (Q) | মোট খরচ |
|---|---|
| ১ | ৬ |
| ২ | ৮ |
| ৩ | ৯ |
| ৪ | ১৬ |
| ৫ | ৩০ |

http://teachingbd.com

ক. প্রান্তিক আয়ের সূত্রটি লেখ। ১

খ. দীর্ঘকাল স্থির ব্যয় থাকে না কেন? ২

গ. উদ্দীপকের আলোকে মোট ব্যয় রেখা অংকন কর। ৩

ঘ. উদ্দীপকের সকল স্তরে ব্যয় ও প্রান্তিক ব্যয় সমান থাকে কি? তোমার মতামত দাও। ৪

**৪.** ▶ $Qd = 50 - 10P$

$Qs = 10 + 10P$

ক. চলক কী? ১

খ. আয় চাহিদাকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. দাম বৃদ্ধি পেলে ভারসাম্যের ওপর কিরূপ প্রভাব পড়বে? তোমার মতামত দাও। ৪

**৫.** ▶ চট্টগ্রামে অবস্থিত রিফাত ওয়্যারস লি: নামে একটি ফার্মের প্রতিদিন ২০০ টাকা মজুরিতে ২০০ জন শ্রমিক কাজ করে। ফার্মের মালিক উৎপাদন বাড়ানোর জন্য মজুরি বাড়িয়ে ৩০০ টাকা করা হলে ৪০০ জন শ্রমিক কাজ করতে রাজি হয়। মজুরি আরো বাড়িয়ে ৪০০ টাকা করা হলে ৬০০ জন শ্রমিক কাজ করতে রাজি হয়। অন্যদিকে দিনাজপুর জেলার বীরগঞ্জ থানায় ধান কাটার মৌসুমে প্রথম দিকে মজুরি বাড়ানো হলে অধিক শ্রমিক পাওয়া যায়। কিন্তু মজুরি অধিক পরিমাণ বাড়াতে থাকলে শ্রমিকের যোগান কমে যায়। ফলে তখন ধান চাষিরা খুবই বিপাকে পড়েন।


ক. মজুরি কত প্রকার ও কী কী? ১

খ. শ্রমের দক্ষতা কীভাবে মজুরিকে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকের আলোকে রিফাত ওয়্যারস লিঃ-এর শ্রমের যোগান রেখা অংকন কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বীরগঞ্জ থানার কৃষি শ্রমিকের যোগান রেখার আকৃতির তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶




ক. কোন বাজারে একজন মাত্র ক্রেতা থাকে? ১

খ. অবাধ প্রবেশ ও প্রস্থান কীভাবে একচেটিয়া বাজাকে পূর্ণ প্রতিযোগিতা বাজার থেকে আলাদা করে? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে ভারসাম্য বিন্দু নির্দিষ্ট করে মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে AC রেখা f বিন্দু দিয়ে অতিক্রম করলে উদ্যোক্তা উৎপাদনকার্য পরিচালনা করবেন কিনা? বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ মি: রহিম সাহেব X দেশে বেড়াতে গেলেন। তিনি দেখলেন সে দেশে উৎপাদন ব্যবস্থা এমনকি চিকিৎসা সেবাও ব্যক্তিগত মালিকানায় পরিচালিত হয়। কিন্তু রহিমের দেশে সরকারি হাসপাতালের পাশাপাশি বেসরকারি ক্লিনিকও আছে।

ক. ইসলামি অর্থব্যবস্থা কী? ১

খ. নির্বাচন সমস্যা কী কারণে সৃষ্টি হয়? ২

গ. X দেশের অর্থব্যবস্থার প্রধান তিনটি বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. তুমি কি মনে কর X দেশের অর্থব্যবস্থা রহিমের দেশের অর্থব্যবস্থার তুলনায় ভালো? তোমার মতামত দাও। ৪

**৮.** ▶ রহিম সাহেব ব্যক্তিগতভাবে কিছু মূলধন নিয়ে একটি ওয়েলডিং মেশিন কারখানা প্রতিষ্ঠা করেন। কিছুদিন পর তার কারখানার উৎপাদিত দ্রব্যের চাহিদা বৃদ্ধি পায়। কিন্তু সে চাহিদা অনুযায়ী দ্রব্য সরবরাহ করতে পারছিলেন না। তাই তিনি পলাশ ও জাকিরের সঙ্গে যুক্ত হয়ে কারখানার আকার বৃদ্ধি করেন। এতে দ্রব্য সরবরাহ বৃদ্ধি পায়।

ক. BRAC-এর পূর্ণরূপ লিখ। ১

খ. সংগঠনকে শিল্পের চালক (Captain of Industry) বলা হয় কেন? ২

গ. রহিম সাহেবের প্রতিষ্ঠিত কারখানার তিনটি প্রধান বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. যুক্তভাবে প্রতিষ্ঠিত কারখানা প্রথমে প্রতিষ্ঠিত কারখানার তুলনায় কী কী সুবিধা সৃষ্টি করেছে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

**৯.** ▶ পঞ্চগড় জেলার দাইমুল সাহেবের চাকরির পাশাপাশি একটি পারিবারিক প্রকাশনা ব্যবসা আছে। সন্তোষজনক বেতন না পাওয়ায় তিনি চাকরি থেকে অবসর গ্রহণ করেন এবং ৫০ লক্ষ টাকা অবসর সুবিধা পান। এ টাকার মধ্যে ৫ লক্ষ টাকা পারিবারিক ব্যয়ের জন্য রাখেন। ১০ লক্ষ টাকায় একটি বাড়ি তৈরি করেন। ১৫ লক্ষ টাকায় ইলেকট্রনিক্স মার্কেটে একটি দোকান ক্রয় করেন। ১২ লক্ষ টাকায় ঐ দোকানে বিক্রয়ের জন্য ইলেকট্রনিক্স পণ্য কিনেন। অবশিষ্ট টাকায় একটি লিচু বাগান ক্রয় করেন। প্রকাশনা ব্যবসা লাভজনক না হওয়ায় এ ব্যবসা ৪ লক্ষ টাকায় বিক্রি করে উক্ত টাকায় ভাড়ার উদ্দেশ্যে একটি মাইক্রোবাস ক্রয় করেন, যেটি বগুড়ায় দৈনিক ভাড়ার ভিত্তিতে চলে।

ক. মূলধন কী? ১

খ. খনির প্রাকৃতিক গ্যাস কেন মূলধন নয়? ২

গ. দাইমুল সাহেবের স্থায়ী মূলধন চিহ্নিত করে তার পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে মূলধনের কোন কোন ধরনের গতিশীলতা সৃষ্টি হয়েছে? বিশ্লেষণ কর। ৪

# অর্থনীতি-প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ৯

সময়-৪০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**১. ওকালতি ছেড়ে শিক্ষকতায় আসলে শ্রমের গতিশীলতা হবে—**

ক) পেশাগত খ) স্তরগত
গ) ভৌগোলিক ঘ) শিল্পগত

**২. প্রকৃত মজুরি নির্ভর করে যার ওপর—**

i. আর্থিক মজুরি ii. দামস্তর
iii. কাজের সময়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:**

২০১২ সালে মি সাদমান ২,০০০ ডলার মূল বেতনে চাকুরিতে প্রবেশ করেন। মূল বেতনের সাথে ১,০০০ ডলার বাড়ি ভাড়া, ভাতা ও ৫০০ ডলার চিকিৎসা ভাতা পান। ২০১৩ সালে তাঁর বেতন ভাতাদির কোনো পরিবর্তন না হলেও বাজারে গড় দামস্তর কমে যায়।

**৩. মি. সাদমানের আর্থিক মজুরির পরিমাণ কত ডলার?**

ক) ৩,৫০০ খ) ৩,০০০
গ) ২,৫০০ ঘ) ২,০০০

**৪. ২০১৩ সালে মি. সাদমানের–**

i. আর্থিক মজুরি কমবে ii. প্রকৃত মজুরি বাড়বে
iii. জীবন যাত্রার মান বাড়বে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. উৎপাদনের উৎপাদিত উপাদান কোনটি?**

ক) সংগঠন খ) ভূমি
গ) শ্রম ঘ) মূলধন

**৬. মূলধনের গতিশীলতার কারণে—**

i. বিনিয়োগ বাড়ে ii. আঞ্চলিক বৈষম্য কমে
iii. শ্রমের চাহিদা বাড়ে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকের আলোকে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**

'ক' দেশে ২০১৩ সালে মোট মূলধনের পরিমাণ ছিল ১০,০০০ কোটি টাকা যা ২০১৪ সালে বৃদ্ধি পেয়ে ১২,০০০ কোটি টাকা হয়। অথচ 'খ' দেশে বার্ষিক মূলধন গঠনের হার প্রায় ৪০% এবং জনগণের মাথাপিছু আয় বেশি ও আর্থ-সামাজিক অবকাঠামো অনেক উন্নত।

**৭. 'ক' দেশে মূলধন গঠনের হার—**

ক) ১০% খ) ২০%
গ) ৩০% ঘ) ৪০%

**৮. 'খ' দেশে মূলধন গঠনের হার বেশি কারণ—**

i. সঞ্চয়ের সামর্থ্য বেশি
ii. বিনিয়োগ সুবিধা বেশি
iii. রাজনৈতিক স্থিতিশীলতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. অংশীদারি কারবার কতজন সদস্য থাকে?**

ক) ২–অসংখ্য খ) ২–৫০
গ) ২–৩০ ঘ) ২–২০

**১০. একমালিকানা কারবারের বৈশিষ্ট্য হলো—**

i. অধিক মূলধন
ii. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
iii. মালিক শ্রমিক সুসম্পর্ক

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকের আলোকে ১১নং প্রশ্নের উত্তর দাও:**

X, Y ও Z মিলে একটি ব্যবসায় প্রতিষ্ঠান সরকারের কাছে এই মর্মে নিবন্ধন করে যে, তাদের প্রতিষ্ঠানে ৫০ জনের বেশি সদস্য নিতে পারবে না এবং কোম্পানির শেয়ার বিক্রয় করতে পারবে না।

**১১. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের?**

ক) পাবলিক লিঃ কোম্পানি
খ) প্রাইভেট লিঃ কোম্পানি
গ) কর্পোরেশন ঘ) সমবায়

**১২. নিম খাজনার প্রবর্তক কে?**

ক) ডেভিড রিকার্ডো খ) কেইনস
গ) মার্শাল ঘ) অ্যাডাম স্মিথ

**১৩. অনুপার্জিত আয়ের ক্ষেত্রে মালিকদের—**

i. পরিশ্রম করতে হয় না
ii. নতুন বিনিয়োগ করতে হয় না
iii. জমির দাম অপরিবর্তিত থাকে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকের আলোকে ১৪নং প্রশ্নের উত্তর দাও:**

জাহিদ সাহেব বাড়ি ভাড়া বাবদ ৫,০০০ টাকা পান। এর মধ্যে সুদ বাবদ ১,০০০ টাকা, রক্ষণাবেক্ষণের জন্য ১,০০০ টাকা ও ঝুঁকির মুনাফা বাবদ ১,০০০ টাকা গ্রহণ করেন।

**১৪. জাহিদ সাহেবের নিট খাজনার পরিমাণ কত?**

ক) ১,০০০ খ) ২,০০০
গ) ৩,০০০ ঘ) ৫,০০০

**১৫. স্বল্পকালীন ভোগ অপেক্ষক কোনটি?**

ক) $c = -a + by$ খ) $c = a - by$
গ) $c = a + by$ ঘ) $c = -a - by$

**১৬. বন্ধ অর্থনীতির ক্ষেত্রে—**

i. GNP = GDP ii. (X - M) অনুপস্থিত
iii. GNP > GDP

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটির আলোকে ১৭নং প্রশ্নের উত্তর দাও:**

বাংলাদেশের নাগরিক মি. মোতালেব সৌদি আরবে একটি তেল খনিতে কর্মরত।

**১৭. মোতালেবের আয় নিচের কোনটির অন্তর্ভুক্ত?**

ক) GDP খ) NNP
গ) GNP ঘ) NDP

**১৮. সরকারি নোট কোনটি?**

ক) ২ টাকা খ) ৫ টাকা
গ) ১০ টাকা ঘ) ২০ টাকা

**১৯ অর্থনৈতিক মন্দার সময় ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংক—**

i. সুদের হার কমায় ii. ঋণপত্র বিক্রয় করে
iii. নগদ জমার হার কমায়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটির আলোকে ২০নং প্রশ্নের উত্তর দাও:**

A ব্যক্তি একটি ব্যাংকে কর্মরত যেটি আর্থিক নীতি প্রণয়নে ও ঋণ নিয়ন্ত্রণের ক্ষমতা রাখলেও জনগণকে প্রত্যক্ষভাবে ঋণ দেয় না। আবার B ব্যক্তি অন্য একটি আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত যেটি জনগণের অর্থ জমা রাখে ও অন্যকে ঋণ দেয়।

**২০ উদ্দীপকে অনুযায়ী B ও A ব্যাংক যথাক্রমে—**

ক) কেন্দ্রীয় ও বাণিজ্যিক
খ) কেন্দ্রীয় ও কেন্দ্রীয়
গ) বাণিজ্যিক ও বাণিজ্যিক
ঘ) বাণিজ্যিক ও কেন্দ্রীয়


http://teachingbd.com

২১ অভাবের তুলনায় সম্পদের স্বল্পতাকে কী বলে?
ক অসীম অভাব খ দুষ্প্রাপ্যতা
গ নির্বাচন সমস্যা ঘ বিকল্প ব্যবহার

২২ উৎপাদনের মূল লক্ষ্য মুনাফা অর্জন কোন অর্থ ব্যবস্থায়?
ক ইসলামি খ মিশ্র
গ ধনতান্ত্রিক ঘ নির্দেশমূলক

২৩ অর্থনৈতিক সমস্যা সমাধানের প্রথম কর্মপর্যায় হলো—
i. দ্রব্য উৎপাদন ii. সেবা উৎপাদন
iii. ভোগ করা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i ও iii

উদ্দীপকের আলোকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:




২৪. যদি সমাজে X দ্রব্যের তুলনায় Y দ্রব্যের প্রয়োজন বেশি হয়, তবে উদ্দীপকের কোন বিন্দুতে উৎপাদন করবে?
ক Q খ S গ R ঘ P

২৫ উদ্দীপকের N বিন্দু কী নির্দেশ করে?
ক অপূর্ণ নিয়োগ ও অধিক উৎপাদন
খ পূর্ণনিয়োগ ও অধিক উৎপাদন
গ সম্পদের স্বল্পতা ও অর্জনযোগ্য উৎপাদন
ঘ অপূর্ণ নিয়োগ ও স্বল্প উৎপাদন

২৬. চাহিদার স্থিতিস্থাপকতা কত প্রকার?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

২৭. অসীম স্থিতিস্থাপক চাহিদা রেখার আকৃতি কেমন হয়?
ক ভূমি অক্ষের সমান্তরাল
খ লম্ব অক্ষের সমান্তরাল
গ ডান দিকে নিম্নগামী
ঘ ডান দিকে উর্ধ্বগামী

২৮. যোগান বিধি কার্যকর হয়—
i. দামের পরিবর্তনে
ii. উপকরণে দামের পরিবর্তনে
iii. নির্দিষ্ট সময়ে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i ও iii

উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:

| P (টাকা) | D | S |
|---|---|---|
| ২ | ১২ | ২ |
| ৪ | ১০ | ৪ |
| ৬ | ৮ | ৮ |
| ৮ | ৪ | ১০ |

২৯. ভারসাম্য দাম কত টাকা?
ক ৮ খ ৬ গ ৪ ঘ ২

৩০. কোন দামে বাজারে ৬ একক উদ্বৃত্ত থাকবে?
ক ৮ খ ৬ গ ৪ ঘ ২

৩১. মাত্রাগত উৎপাদন কত প্রকার?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

৩২. মোট ব্যয়কে উৎপাদনের পরিমাণ দ্বারা ভাগ করলে কী পাওয়া যায়?
ক AVC খ AFC
গ MC ঘ AC

৩৩. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে—
i. P = MR ii. P = AR
iii. AR > MR
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫নং প্রশ্নের উত্তর দাও:
স্বল্পকালে একটি কোম্পানিতে ২ জন শ্রমিক ১০ একক ৩ জন শ্রমিক ১৫ একক ও ৪ জন শ্রমিক ১৮ একক দ্রব্য উৎপাদন করে।

৩৪. উদ্দীপকে কোন উৎপাদন বিধি কার্যকর হয়েছে?
ক ক্রমবর্ধমান খ সমানুপাতিক
গ ক্রমহ্রাসমান ঘ স্থির


৩৫. উদ্দীপকে বিধিটি কার্যকর হওয়ার কারণ—
i. মূলধন স্থির
ii. শ্রমিকের দক্ষতা অসমান
iii. স্বল্পকাল বিবেচ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬. অতি স্বল্পকালে বাজারে দাম বিশেষ করে কিসের উপর নির্ভর করে?
ক যোগান খ উৎপাদন
গ উপকরণ ঘ চাহিদা

৩৭. অল্প সংখ্যক বিক্রেতা কোন বাজারে থাকে?
ক মনোপলি খ ডুয়োপলি
গ মনোপসনি ঘ অলিগোপলি

৩৮. একচেটিয়া বাজারে AR ও MR রেখার ক্ষেত্রে—
i. ডানে নিম্নগামী ii. AR > MR
iii. AR < MR
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও:




৩৯. উদ্দীপকে অনুযায়ী মোট আয়—
ক ২০ খ ৮০ গ ১২০ ঘ ১৫০

৪০. উদ্দীপকের ভারসাম্যের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ক AR > AC খ AC = AR
গ AC > AR ঘ AC = MR

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | |

http://teachingbd.com